ক. উসিন্‌স্কি



বিস্‌কা

THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



বিস্‌কা

'বইতে কী লেখা আছে বিস্‌কা সে কথা পড়ো তো!'

কুকুরটা একবার শুঁকে চলে গেলো। সে বললো, 'বই আমার দরকার নেই, আমার কাজ হলো চেঁচানো, আর অন্ধকারে নেকড়ে বাঘ ও চোরকে তাড়াবার জন্যে পাহারা দেওয়া; আমার কাজ হলো প্রভুর সঙ্গে শীকার করতে যাওয়া, হাঁস ও খরগোশ তাড়া করা, দাঁতে কামড়ে থলি আনা—এ-সবই আমার পক্ষে যথেষ্ট।'



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



পুসি

বিল্লি পুসপুসি, ছাই-রঙা আর নরম আর মোটকা হাসিখুসি। থাবা তার লোমে ভরা, নোখগুলো তীক্ষ্ণ খরা, কান দু'টো তার খাড়া, চোখ যে সবুজ ধারা, সবার সেরা রোঁওলা এই পুসি। আয় কাছে আয় মিনি, চোখ বুজে কর মিউ-মিউ।

হঠাৎ নজরে পড়লো এক ইঁদুর, পুসিটার তীক্ষ্ণ চোখ হলো বড়বড়; নরম থাবায় মারলো সে এক লাফ, ইঁদুরটা আর বলতে পারে না, 'বাপ'।



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



গরু

গরু সুন্দর জন্তু নয় কিন্তু প্রত্যহ সে আমাদের দুধ দেয়। চেহারাটা তার মোটাসোটা। কানগুলো উঠেছে উঁচিয়ে, দাঁতের ভাগ কম, শিঙগুলো তার খাড়া, শিরদাঁড়া তার তীক্ষ্ণ, খুরগুলো তার কাটা আর ঝাঁটার মতো তার লেজ। তোমাদের জন্যে যখন সে দুধ বানাচ্ছে শোনো তাকে হাম্বা-হাম্বা করে বলতে, 'ওরে আমার গয়লানী, অসময়ে আসবিনি, বালতি করিস পরিষ্কার, দুধ ননি দেব অনেকবার'।





THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



ঘোড়া

নাক ডাকছে ঘোড়াটার, লাগামটা চিবোচ্ছে সে, মাটি আঁচড়াচ্ছে খুর দিয়ে। কান দু'টো তার সজাগ, চোখগুলো তার ঘুরছে। রাজহাঁসের মতো তার গলা, ঢেউ'এর মতো কেশর, লেজটা যেন চামর। পায়ে তার লোমের থোকা, পিঠের ওপর জিনের ঢাকা, চকচকে তার চামড়াটা। লাগাম তার মুখে, পিঠের উপর জিন, রেকাবগুলো সোনালী, নালগুলো তার ইস্পাতের।

তাকে চেপে ছোটো, বিদেশ যাও, ওঠো।

যখন ছোটে সে, ওঠে ধূলোর ঝড়, পায়ের চাপে তার পৃথ্বী থর্ থর্।





THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



মোরগ আর তার সংসার

মোরগ লাফায় ডাকে, চটকদার নাকে। লালচে তার ঝুঁটি, লালচে তার দাড়ি। লম্বা ল্যাজ তার, নোখে আছে ধার। চারি ধারে চায়, মাটি আঁচড়ায়। মুরগী আর বাচ্চাদের ডাকে, 'কোঁকর-কোঁকর-কোঁ, এই দানা নাও, শোনো।'

মুরগী আর বাচ্চারা আসছে প্রাণপণে, সবাই দানা পায় না, বায়না সেইজন্যে। মোরগ তো চায় শান্তি, থামায় ঝগড়াঝাঁটি।

সবাইকে ঠোকরায়, যতক্ষণ না পালায়। দানাগুলো সে খায় ডানাগুলো ঝাঁকায়; বেড়ার ওপর চড়ে, গায় চড়া সুরে: 'কোঁকর-কোঁকর-কোঁ, কাজ কি আছে কোনো?'






THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.



হাঁস

পুকুরে দেখো হাঁস, তাদের জলে অভিলাষ। সাঁতার দিতে মাছ ধরতে, দেখো তাদের ডুবতে, রোদ-পোয়াতে কেমন তাদের আশ। সময় হলো তাদের বাড়ি আনতে, আসে না তারা, লক্ষ্মী-ছাড়া, তাদের যদি জানতে। 'ওরে পেটুক হাঁস, দিন যে হলো শেষ, পেট পুরে তো খেয়েছিস, মজা করেছিস বেশ।'

শোনে কথা হাঁসগুলো, সাঁতরে আসে বাড়ি, নতুন দিনের জন্যে তাদের ভীষণ তাড়াতাড়ি।





THIS IS A LOW QUALITY RAW SCAN FILE BY https://sovietbooksinbengali.blogspot.com/ TO READ HIGH QUALITY PRINT READY COPY AND MANY OTHER SUCH BOOKS PLEASE VISIT THE ABOVE BLOG.




ছাগল

আসছে ঝাঁকড়া ছাগলগুলো, দাড়িওলাটাও আসছে, কাঁপছে তার লম্বা শিঙ, কাঁপছে তার দাড়ি, তার খুরের হচ্ছে শব্দ, আসছে আর ডাকছে, ডাকছে বাচ্চা ছানাদের আর বুড়ি ছাগল-দিদিমাকে। কিন্তু ছাগলগুলো কোথায়? রয়েছে দুই ক্ষেতে, খাচ্ছে তারা চারা, ছাগল-মা বানাচ্ছে তার দুধ, চড়েছে তারা বেড়ায়, ঠেলছে একে-ওকে।

ছাগল-বাবা আসবে কিন্তু এখুনি, এলেই পাবে দেখতে!





শিশু ও কিশোর সাহিত্য

ছোট শিশুদের জন্য



অনুবাদ: রেখা চট্টোপাধ্যায়
ছবি এঁকেছেন আ. লাপ্‌তেভ

বিদেশী ভাষায় সাহিত্য প্রকাশালয়
মস্কো

К. Ушинский. БИШКА